



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/_____ / নথি নং- টাংগাইল-১৫

তারিখঃ .১০.২০১৮খ্রিঃ

বিষয়ঃ মৃত্যু জনিত কারণে ম্যানেজিং কমিটির সভাপতি পুনরায় মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলাধীন তেলিনা দক্ষিণ পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি হাজী মোঃ আব্দুর রাজ্জাক গত ৩০/০৯/২০১৮ খ্রিঃ মৃত্যু বরণ করেন। মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভাণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব হাজী আবুল হোসেন আকন্দ, পিতা-মৃত: আঃ জব্বার কে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব হাজী আবুল হোসেন আকন্দ, পিতা-মৃত: আঃ জব্বার কে সভাপতি পদে অনুমোদন প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, তেলিনা দক্ষিণ পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর- চিতেশ্বরী, উপজেলা- মির্জাপুর, জেলা- টাংগাইল।

নং-বামাশিবো/প্রশাসন/_____ / নথি নং- টাংগাইল-১৫

তারিখঃ ২২.১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, টাংগাইল।
২. জেলা শিক্ষা অফিসার, টাংগাইল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাংগাইল।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মির্জাপুর, টাংগাইল।
৫. সভাপতি, তেলিনা দক্ষিণ পাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর- চিতেশ্বরী, উপজেলা- মির্জাপুর, জেলা- টাংগাইল।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪